

রাবিতে শ্রেণীকক্ষের দাবিতে দুই বিভাগের অবস্থান ধর্মঘট

রাবি সংবাদদাতা । রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) কৃষি অনুষদ ভবনের নবনির্মিত শ্রেণীকক্ষ এবং শিক্ষকদের চেম্বার নতুনভাবে বস্টনের দাবিতে অবস্থান ধর্মঘট পালন করেছে বিশ্ববিদ্যালয়ের ফিশারিজ বিভাগ এবং এগ্রোনমি এ্যান্ড এগ্রিকালচারাল এক্সটেনশন বিভাগ। বৃহস্পতিবার সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত দুই বিভাগের শিক্ষকরা ওই ভবনে অবস্থান ধর্মঘট পালন করেন। বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল দফতর সূত্রে জানা যায়, সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদ ভবনে বেশকিছু নতুন কক্ষ নির্মাণ করা হয়। এসব কক্ষ কৃষি অনুষদের চার বিভাগের মধ্যে বণ্টন করে দেন অনুষদের ডিন এবং ফ্রপ সায়েন্স এ্যান্ড টেকনোলজি বিভাগের অধ্যাপক সাহানা কায়েস। নবনির্মিত ২৫টি শ্রেণীকক্ষের মধ্যে ফিশারিজ বিভাগ ২টি, এগ্রোনমি ২টি, ফ্রপ সায়েন্স ১০টি এবং ভেটেরিনারি বিভাগকে ১১টি কক্ষ বরাদ্দ দেয়া হয়। তাঁর ১৪টি চেম্বারের মধ্যে ফিশারিজ বিভাগকে ২টি, এগ্রোনমি ২টি, ফ্রপ সায়েন্স ৫টি ও ভেটেরিনারি বিভাগকে ৫টি করে বরাদ্দ দেয়া হয়। এগ্রোনমি ও ফিশারিজ বিভাগের অভিযোগ, অধ্যাপক সাহানা কায়েস ফ্রপ সায়েন্স এ্যান্ড টেকনোলজি বিভাগের শিক্ষক হওয়ায় শ্রেণীকক্ষ বস্টনে বৈষম্য করেছেন। নবনির্মিত এসব কক্ষ পুনর্বণ্টন করে বৈষম্য নিরসনের দাবিতে বৃহস্পতিবার ফিশারিজ বিভাগের উপ-রেজিস্ট্রারের কক্ষের সামনে দুই ঘণ্টা অবস্থান ধর্মঘট পালন করেন ওই বিভাগের শিক্ষকরা। একই সময় তার বিপরীত দিকে এগ্রিকালচারাল এক্সটেনশন বিভাগের শিক্ষকরা অবস্থান নেন। দুই বিভাগের শিক্ষকদের অবস্থানের কারণে যাতায়াত করতে জেগাতি পোহাতে হয় অন্য বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের।